দৈনিক ইনকিলাব

পৃষ্ঠা ৩ কলাম ১

# ছাত্রলীগ নেতার পর্নো ভিডিও তৈরীর ঘটনার প্রতিবাদে আজ ছাত্রদলের বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ নেতা রোকনের চাঞ্চল্যকর পর্নো সিডি তৈরীর ঘটনার প্রতিবাদে এবং তার শাস্তির দাবীতে আজ (শনিবার) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে। সাধারণ ছাত্রছাত্রীর ব্যানারে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরাও ছাত্রলীগ নেতা রোকনের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে আন্দোলনে নামবে বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা রোকনকে বিশ্ববিদ্যালয় হতে বহিষ্কার এবং তাকে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে আগামীকাল ক্যাম্পাসে বিক্ষোভসহ বিভিন্ন কর্মসূচী পালন করবে।